



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

১৫ জুলাই ২০১৭ খ্রি.

মহেশখালের দুই বাঁক সোজা করার কাজ সমাপ্ত হলো উদ্বোধন করলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

রামপুর, আগ্রাবাদ, কাউলী, হালিশহর ও গোসাইলডাঙ্গা এলাকাসহ প্রায় ৮টি ওয়ার্ডের একটি বড় অংশের পানি (বৃষ্টি ও জোয়ারের) দ্রুত বঙ্গোপসাগরে নামার জন্য- দক্ষিণ কাউলী অংশের জেলে পাড়ার রেল লাইনের ব্রিজের পর থেকে মহেশখালে যেতে দুইটি বাঁক সোজা করে দিল চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ৩ জুলাই ২০১৭ খ্রি. অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এ সংক্রান্ত একটি নকশা সাংবাদিকদের সামনে উপস্থাপন করেছিলেন। ইতিপূর্বে ২০১১ সনে মহেশখালের বাঁক সোজা করার লক্ষ্যে ২৭.৯ শতাংশ জায়গা চট্টগ্রাম সিটি কর্পোরেশন অধিগ্রহণ করেছিল। অধিগ্রহণকৃত জায়গায় খাল কেটে বাঁক সোজা করার কর্মসূচি গত ৬ জুলাই চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশলী বিভাগ এক্সেভেটর এর মাধ্যমে মাটি কাটার কাজ শুরু করে। ১৫ জুলাই ২০১৭ খ্রি. শনিবার, বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন মহেশখালের সাথে নতুন বাঁক কাটা খালের শুরু এবং শেষ অংশের সংযোগ করে বাঁক সোজা করার সমাপ্তি কাজের শুভ উদ্বোধন করেন। এ সময় মোনাজাত পরিচালনা করেন মাওলানা হারুন-উর রশিদ। মহেশখালের বাঁক সোজাকরণ কর্মসূচির উদ্বোধন উপলক্ষে সমবেত এলাকাবাসীর উদ্দেশ্যে মেয়র বলেন, মহেশখাল, নাজিরখাল ও গয়নার ছড়ার ধারণ ক্ষমতা বৃদ্ধি সহ নগরীতে বিদ্যমান সকল খালের ধারণ ক্ষমতা বাড়ানো হবে। তিনি বলেন, মহেশখালের বাঁধ কাটার পর থেকে লাগাতারভাবে এক্সেভেটর দ্বারা খাল থেকে মাটি ও আবর্জনা উত্তোলন অব্যাহত আছে। মহেশখালের মুখে আধুনিক পাম্প হাউস সহ ফ্লইচ গেইট নির্মাণের মাধ্যমে মহেশখালের দু' পাড়ের অধিবাসীদের জলদুর্ভোগ লাঘব করা হবে। এ সময় ১১নং ওয়ার্ড কাউন্সিলর

মোরশেদ আকতার চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী অসীম বড়-য়া, বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) সুদীপ বসাক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, মেয়রের সহকারী একান্ত সচিব রায়হান ইউসুফ, আওয়ামীলীগ নেতা বেলাল আহমদ, সুজিত দাশ সহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে মেয়র সাগরিকা গরুর বাজারস্থ মসজিদ পরিদর্শন করেন। মসজিদটিকে সংস্কার করে বহুতল ভবন নির্মাণ এবং সাগরিকা গরুর বাজারের মুখে নালা সংস্কারের জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশনা দেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা